গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বাজেট শাখা-১

বিষয় ঃ বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রুহী রহমান, অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ ও সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ।
স্থান ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় ঃ ০৮/০১/২০১৯, দুপুর ১২.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য উপসচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। উপসচিব (বাজেট-১) সভাপতির অনুমতিক্রমে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের অনুকূলে ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষমাত্রা, উন্নয়ন ও অনুন্নয়ন খাতে প্রস্তাবিত বাজেট পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

০৪। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে আগামী ২০১৮-২০১৯ অর্থবছরে প্রদত্ত সিলিং এর অতিরিক্ত ৫৬৯৫,৫২,২৩,০০০/-(পাঁচ হাজার ছয়শত পঁচানব্বই কোটি বায়ান্ন লক্ষ তেইশ হাজার) টাকার চাহিদার যৌক্তিকতা নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

৩। সভায় উপস্থিত জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ স্ব-স্ব প্রতিষ্ঠানের বাজেটে অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা পর্যায়ক্রমে নিম্নরূপভাবে সভাকে অবহিত করেনঃ

(ক) জননিরাপত্তা বিভাগ এর প্রতিনিধি জনাব রুহি রহমান জানান যে, সচিবালয়ের মেরামত ও সংরক্ষণ এবং ব্যাবস্থাপনা সংক্রান্ত কাজের জন্য নুতন মেরামত ও সংরক্ষণ খাত সৃষ্টি করে অর্থ বরাদ্দ রাখতে হবে। এ খাতে প্রায় ১৫.০০৫ কাটি টাকা ব্যয়ের সম্ভাবনা রয়েছে।

(খ) জননিরাপত্তা বিভাগ এর পরিকল্পনা বিভাগ এর প্রতিনিধি জনাব শেখ সাকিল উদ্দিন আহমদ, উপ প্রধান জানান যে, চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে অধিদপ্তর হতে নতুন উন্নয়ন প্রকল্পের চাহিদা চলামান ৩১টি প্রকল্পের জন্য ১৫৬.৭৩ লক্ষ টাকা এবং নতুন অনুমোদি ১৩পি প্রকল্পের জন ১১৯৮.৭৫ লক্ষ টাকাসহ সর্বমোট ১৩৫৫.৪৮ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(খ) বাংলাদেশ পুলিশ এর প্রতিনিধি জনাব আবু হাসান মুহাম্মদ তারিক, ডিআই জি (অর্থ ও উন্নয়ন) জানান যে, নতুন নতুন ইউনিট গঠনের ফলে নিয়োজিত জনবল এর বেতন ভাতা, খাদ্য, বাসস্থান নির্মাণ,পেট্রোল ও লুব্রিকেন্ট, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ /ক্রয়, ভুমি অধিগ্রহণ, অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ, থানা, ফাড়ি মেরামত ও সংস্কার এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(গ) বর্ডার গার্ড বাংলাদেশ এর প্রতিনিধি কর্ণেল আহমেদ জামিউল, উপমহা পরিচালক জানান যে, সীমান্তে সার্ভিলেন্স টাওয়ার ও ইক্যুপমেন্ট ক্রয় ও স্থাপন, যানবাহন ক্রয়, নারায়নগঞ্জ ও গাজীপুর জেলায় বিজিবির নতুন ইউনিট গঠন এর ফলে ভুমি অধিগ্রহণ, বিজিবি পুনর্গঠন, এয়ার উইং,০৪টি অবকাঠামো স্থাপন,সীমান্ত নিরাপত্তা সড়ক নির্মাণ, সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়, গোয়েন্দা কার্যাবলী এবং নবসৃষ্ট ডগ স্কোয়াড খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(ঘ) বাংলাদেশ আনাসার ও ভিডিপি'র প্রতিনিধি পরিচালক(অর্থ),জনাব মসাহিদুজ্জামান যে, নতুন ব্যাটালিয়ন সৃজন, প্রশিক্ষণ, যানবাহন মেরামত, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয় এবং ভূমি অধিগ্রহণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(ঙ) বাংলাদেশ কোস্ট গার্ড এর প্রতিনিধি এ এম কুরতউল্লা পরিচালক (লজিষ্টিক) জানান যে, যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় এবং ভুমি অধিগ্রহণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(চ) আন্তর্জাতিক অপরাধ ট্রাইবুন্যাল ও তদন্ত সংস্থার প্রতিনিধি জনাব মোঃ ওবায়েদ উল্লাহ, উপপরিচালক(প্রশাসন ও অর্থ) জানান যে, টিওএন্ডই ভূক্ত মোটরযান ক্রয়,নূন্যতম বসার স্থান সংকুলানের জন্য অন্যান্য ভবন ও অবকাঠামো খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(ছ) এনটিএমসি'র প্রতিনিধি কর্ণেল মোঃ জাহিদ হোসেন, অতিরিক্ত পরিচালক(অপস) জানান যে, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাত হতে Open Source Intelligent (OSINT) ক্রয় এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন।

(খ) চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে প্রদত্ত সিলিং এর অতিরিক্ত চাহিদার যৌক্তিকতা ঃ

(অংক সমুহ হাজার টাকায়)

| ক্র নং | মন্ত্রণালয়/অধিদপ্তর/দপ্তর | অতিরিক্ত দাবী ২০১৮-২০১৯ | যৌক্তিকতা |
|---|---|---|---|
| ১ | সচিবালয়/ জননিরাপত্তা বিভাগ | ৮,৬৭,৯০ | বাংলাদেশ সচিলালয়ের নিরাপত্তা যন্ত্রপাতি ক্রয় নতুন জনবল নিয়োগ, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষন, নিরাপত্তা যন্ত্রপাতি ক্রয়, সম্পদ সংগ্রহ ও ক্রয়ের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ২ | তদন্ত সংস্থা, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল | ২৫,০০ | টিওএন্ডই ভূক্ত মোটরযান ক্রয়,নূন্যতম বসার স্থান সংকুলানের জন্য অন্যান্য ভবন ও অবকাঠামো খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৩ | এনটিএমসি | ১৯১,০০,০০ | যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম খাত হতে Open Source Intelligent (OSINT) ক্রয় এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৪ | বাংলাদেশ পুলিশ | ১৮৭৩,৫৮,৩৮ | নতুন নতুন ইউনিট গঠনের ফলে নিয়োজিত জনবল এর বেতন ভাতা, খাদ্য, বাসস্থান নির্মাণ,পেট্রোল ও লুব্রিকেন্ট, সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ, সম্পদ সংগ্রহ /ক্রয়, ভুমি অধিগ্রহণ, অন্যান্য ভবন ও অবকাঠামো নির্মাণ, থানা, ফাড়ি মেরামত ও সংস্কার এবং আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে নাশকতা প্রতিরোধের জন্য গোয়েন্দা কার্যাবলী খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৫ | বর্ডার গার্ড বাংলাদেশ | ২৯৪২,৬২,৬০ | সীমান্তে সার্ভিলেন্স টাওয়ার ও ইক্যুপমেন্ট ক্রয় ও স্থাপন, যানবাহন ক্রয়, নারায়নগঞ্জ ও গাজীপুর জেলায় বিজিবির নতুন ইউনিট গঠন এর ফলে ভুমি অধিগ্রহণ, বিজিবি পুনর্গঠন, এয়ার উইং,০৪টি অবকাঠামো স্থাপন,সীমান্ত নিরাপত্তা সড়ক নির্মাণ, সরঞ্জাম ও যন্ত্রপাতি ক্রয়, গোয়েন্দা কার্যাবলী এবং নবসৃষ্ট ডগ স্কোয়াড খাতে অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৬ | বাংলাদেশ কোষ্ট গার্ড | ৬০০,৯৯,৫৫ | যন্ত্রপাতি ও সরঞ্জাম ক্রয় এবং ভুমি অধিগ্রহণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৭ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ৭৮,৩৮,৮০ | নতুন ব্যাটালিয়ন সৃজন, প্রশিক্ষণ, যানবাহন মেরামত, যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদি ক্রয় এবং ভূমি অধিগ্রহণের জন্য অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| ৮ | উন্নয়ন প্রকল্পের জন্য | ১৩৫৫,৪৮,০০ | চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে অধিদপ্তর হতে নতুন উন্নয়ন প্রকল্পের চাহিদা চলামান ৩১টি প্রকল্পের জন্য ১৫৬.৭৩ লক্ষ টাকা এবং নতুন অনুমোদি ১৩পি প্রকল্পের জন ১১৯৮.৭৫ লক্ষ টাকাসহ সর্বমোট ১৩৫৫.৪৮ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। |
| মোট অতিরিক্ত দাবী | | ৫৬৯৫,৫২,২৩ | -- |
| কথায়= পাঁচ হাজার ছয়শত পঁচানব্বই কোটি বায়ান্ন লক্ষ তেইশ হাজার টাকা | | | |

চলমান পাতা-২

০৪। দপ্তর/অধিদপ্তরের উপর্যুক্ত অতিরিক্ত চাহিদার বিষয়ে সভাপতি মহোদয় সম্পদের সীমাবদ্ধতার বিষয়টি সকলকে স্মরণ করিয়ে দেন। আর্থসামাজিক সার্বিক বিষয় বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসূ কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সকলকে আহবান জানান। তিনি বলেন অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত বাজেট সিলিং এর বেশী অর্থ বরাদ্দের বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাবর্হিভূত। তবে দেশের আইন শংখলা সুচারুরূপে পরিচালনা, জনগণের জানমালের নিরাপত্তা বিধান, সীমান্তে নিরাপত্তা ও চোরাচালান বন্ধ, নারী ও শিশু পাচার রোধও পুলিশের নতুন ইউনিট গঠন এবং আগামী নির্বাচনে দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় পরিকল্পনা করে তার ক্রয় কার্য এ অর্থ বছরেই শেষ করতে হবে। প্রয়োজনীয় ব্যাখ্যা ও যৌক্তিকতা সহ অগ্নিনির্বাপণ ও দুর্ঘটনার আশু সমাধান, মাদক দ্রব্যের বিস্তার রোধ, বাজেট সিলিং বর্ধিত করণের বিষয়ে অর্থ বিভাগের সাথে একটি কার্যকর আলোচনা করবেন বলে তিনি সকলকে অবহিত করেন। আর্থিক পরিস্থিতি বিবেচনায় প্রদত্ত সিলিং এর মধ্যে চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের অনুন্নয়ন বাজেট প্রণয়নের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। তাছাড়া অর্থ বিভাগ কর্তৃক ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে মনোযোগী হওয়ার পরামর্শ প্রদান করেন এবং স্ব-স্ব অধিক্ষেত্রের রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের নির্বাহী আদেশের মাধ্যমে রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা গ্রহন করার জন্য অনুরোধ জানান।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ-

(১) চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি, অনুন্নয়ন এবং উন্নয়ন বাজেটের অতিরিক্ত চাহিদা অনুমোদনের জন্য বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের চলতি ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য প্রদত্ত বাজেট সিলিং এর অতিরিক্ত বরাদ্দের যৌক্তিক দাবী অর্থ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

০৬। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(রুহী রহমান)
অতিরিক্ত সচিব(প্রশাসন ও অর্থ )
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ, জননিরাপত্তা বিভাগ।

তারিখঃ ০৮/০১/২০১৯খ্রিঃ

নং-৪৪.০০.০০০০.০২৪.০৬.০৩৯.২০১৭

১। ---------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। অতিরিক্ত সচিব, রাজনৈতিক ও আইসিটি/ প্রশাসন ও অর্থ/পুলিশ ও এনটিএমসি/আসী/আইন ও শৃংখলা/ উন্নয়ন, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব
ফোনঃ ৯৫৪৬৬২৭

তারিখঃ ০৮/০১/২০১৯খ্রিঃ

নং-৪৪.০০.০০০০.০২৪.০৬.০৩৯.২০১৭ - ২০/১(৫)

অনুলিপিঃ-সদয় জ্ঞার্তার্থে ও কার্যার্থে

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। সহাকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০৮/০১/১৯

(আবু নাছের ভূঁঞা)
উপসচিব